# বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

**Bangladesh Land Port Authority**

স্থলবন্দর ভবন, এফ-১৯/এ, শের-ই-বাংলা নগর
প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bsbk.gov.bd

স্মারক নং-১৮.১৫.০০০০.০২০.১১.১১২.২৩-৩৫

তারিখ: ০১ ফাল্গুন, ১৪৩০
১৪ ফেব্রুয়ারি, ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

নৌপরিবহন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের নিম্নোক্ত ৭৫ (পঁচাত্তর)টি শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bsbk.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। **অনলাইন (Online) ব্যতীত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

| ক্রমিক নং | পদের নাম ও বেতনক্রম (জাতীয় বেতন স্কেল-২০১৫) | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (ট্রাফিক) ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড | ০১ (এক) | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | সহকারী পরিচালক (প্রশাসন) ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ০১ (এক) | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩. | সহকারী প্রকৌশলী (সিভিল) ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ০১ (এক) | পুর-কৌশল (civil) বিষয়ে স্নাতক ডিগ্রী | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৪. | জনসংযোগ কর্মকর্তা ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ০১ (এক) | অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৫. | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ০১ (এক) | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি পাশসহ সরকার স্বীকৃত কারিগরী শিক্ষা বোর্ড হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬. | প্রশাসনিক কর্মকর্তা ১২৫০০-৩০২৩০/- (১১তম গ্রেড) | ০১ (এক) | অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭. | ব্যক্তিগত কর্মকর্তা কাম কম্পিউটার অপারেটর ১১৩০০-২৭৩০০/- (১২তম গ্রেড | ০১ (এক) | অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার পরিচালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৮. | ট্রাফিক পরিদর্শক ১১৩০০-২৭৩০০/- (১২তম গ্রেড) | ৯ (নয়) | অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী। | ১. **এতিম ও শারীরিক প্রতিবন্ধী** কোটায় সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>২. **মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী** এবং **আনসার ও গ্রাম প্রতিরক্ষার সদস্য কোটায়-**<br>• ঢাকা বিভাগের ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর ও কিশোরগঞ্জ জেলা, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, শেরপুর জেলা, চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, বান্দরবন, কক্সবাজার, চাঁদপুর, খাগড়াছড়ি, লক্ষীপুর ও নোয়াখালী জেলা, রাজশাহী বিভাগের রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর ও বগুড়া জেলা, রংপুর বিভাগের রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী ও পঞ্চগড় জেলা এবং সিলেট বিভাগের সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>• খুলনা বিভাগ, বরিশাল বিভাগসহ ঢাকা বিভাগের মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, গোপালগঞ্জ ও টাঙ্গাইল জেলা, ময়মনসিংহ বিভাগের জামালপুর ও নেত্রকোনা জেলা, চট্টগ্রাম বিভাগের ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, ফেনী ও রাঙ্গামাটি জেলা, রাজশাহী বিভাগের নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ জেলা, রংপুর বিভাগের ঠাকুরগাঁও জেলা এবং সিলেট বিভাগের হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই।<br>৩. জেলা কোটায় সাধারণ প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই। |
| ৯. | অডিটর ১১৩০০-২৭৩০০/- (১২তম গ্রেড) | ০১ (এক) | অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী। | ১. **ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সাধারণ জেলা কোটায়-**<br>• ঢাকা বিভাগ, রাজশাহী বিভাগ ও সিলেট বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>ময়মনসিংহ বিভাগ, চট্টগ্রাম বিভাগ, খুলনা বিভাগ, রংপুর বিভাগ ও বরিশাল বিভাগের সকল জেলার প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই।<br>২. **এতিম ও শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, মহিলা এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষার সদস্য কোটায়** প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই। |
| ১০. | কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড) | ০৭ (সাত) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ তফসিলের ক্রমিক ১৮ অনুযায়ী-<br>ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ;<br>গ) কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা থাকতে হবে। | ১. **এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায়** সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>২. **মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায়-**<br>• সিলেট বিভাগের সকল জেলা, ঢাকা বিভাগের ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী ও টাঙ্গাইল জেলা, চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, বান্দরবন, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি ও রাঙ্গামাটি জেলা, রাজশাহী বিভাগের রাজশাহী, জয়পুরহাট, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলা এবং রংপুর বিভাগের দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী ও পঞ্চগড় জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>• ময়মনসিংহ বিভাগ, খুলনা বিভাগ ও বরিশাল বিভাগের সকল জেলা, ঢাকা বিভাগের মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, শরিয়তপুর ও কিশোরগঞ্জ জেলা, চট্টগ্রাম বিভাগের চাঁদপুর, ফেনী, লক্ষীপুর ও নোয়াখালী জেলা, রাজশাহী বিভাগের পাবনা, সিরাজগঞ্জ ও বগুড়া জেলা এবং রংপুর বিভাগের রংপুর, লালমনিরহাট ও ঠাকুরগাঁও জেলার প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই।<br>৩. **মহিলা, আনসার ও গ্রাম প্রতিরক্ষার সদস্য এবং সাধারণ জেলা কোটায়** প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই। |
| ১১. | ওয়্যারহাউজ/ইয়ার্ড সুপারিনটেনডেন্ট ১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড) | ৪৭ (সাত-চল্লিশ) | অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | ১. **এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায়** সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>২. **মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা এবং সাধারণ জেলা কোটায়-**<br>• ঢাকা বিভাগের ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলা, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, জামালপুর ও নেত্রকোনা জেলা, চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, নোয়াখালী ও রাঙ্গামাটি জেলা, রাজশাহী বিভাগের রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ ও নাটোর জেলা, রংপুর বিভাগের দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম ও পঞ্চগড় জেলা, খুলনা বিভাগের খুলনা, যশোর, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা, বরিশাল বিভাগের বরিশাল, ভোলা ও ঝালকাঠি জেলা এবং সিলেট বিভাগের সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>• ঢাকা বিভাগের মাদারীপুর জেলা, ময়মনসিংহ বিভাগের শেরপুর জেলা, চট্টগ্রাম বিভাগের বান্দরবন, ফেনী ও লক্ষীপুর জেলা, রাজশাহী বিভাগের জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ ও বগুড়া জেলা, রংপুর বিভাগের রংপুর, লালমনিরহাট, নীলফামারী ও ঠাকুরগাঁও জেলা, খুলনা বিভাগের ঝিনাইদহ, বাগেরহাট ও কুষ্টিয়া জেলা, বরিশাল বিভাগের পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী জেলা এবং সিলেট বিভাগের হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই। |
| ১২ | ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/- (১৪তম গ্রেড) | ০৩ (তিন) | অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ১৩. | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (২০তম গ্রেড) | ০১ (এক) | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক-১১ অনুযায়ী- কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ১. **এতিম ও শারীরিক প্রতিবন্ধী** কোটায় সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>২. **মুক্তিযোদ্ধা, মহিলা** এবং **আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায়-**<br>· ঢাকা বিভাগের ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী ও শরিয়তপুর জেলা, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, নেত্রকোনা ও শেরপুর জেলা, রংপুর বিভাগের রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট ও নীলফামারী জেলা এবং সিলেট বিভাগের মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>• ঢাকা বিভাগের নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলা, ময়মনসিংহ বিভাগের জামালপুর জেলা, চট্টগ্রাম বিভাগের সকল জেলা, রাজশাহী বিভাগের সকল জেলা, খুলনা বিভাগের সকল জেলা, বরিশাল বিভাগের সকল জেলা, রংপুর বিভাগের পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলা এবং সিলেট বিভাগের সিলেট জেলার প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই।<br>৩. **ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং সাধারণ জেলা কোটায়** প্রার্থীদের আবেদন করার সুযোগ নেই। |

**শর্তাবলী:**

১. সকল পদের জন্য প্রার্থীর বয়স ১০-০৩-২০২৪ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে।
২. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৩. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি জমা দিতে হবে।
৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।
৫. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক থেকে জ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১ সেট ফটোকপি দাখিল করতে হবে:
ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);
খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;
গ) কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
ঘ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে [কমপক্ষে ২১ (একুশ) দিনের প্রশিক্ষণ থাকতে হবে] সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র- কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।
ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র;
চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ছ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
জ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)
৬. প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসাধুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৭. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
৮. নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৯. লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ-এর ওয়েবসাইটে (www.bsbk.gov.bd) এবং বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল (http://alljobs.teletalk.com.bd) ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে পাওয়া যাবে।
১১. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:
(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bsbk.teletalk.com.bd এ ওয়েবসাইটে Online এ আবেদনপত্র পূরণ করবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২০-০২-২০২৪ খ্রিঃ সকাল ১০:০০ টা।
ii. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১০-০৩-২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে user ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।
(খ) ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) সংক্রান্ত:
i. Online এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel (JPG Format) এর কম বা বেশি নয় (File size 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এবং অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করবেন। উল্লেখ্য, সাদা-কালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস পরে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না।
ii. Online এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel এর কম বা বেশি নয় (File size 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এরূপ মাপের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। Home Page এর (Photo & Signature Validator) Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।
(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:
i. Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়।
ii. Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ হতে ৩ এর জন্য ৬০০.০০ (ছয়শত) টাকা, ক্রমিক নং-৪ হতে ৫ এর জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা, ক্রমিক নং-৬ হতে ৯ এর জন্য ৩০০.০০ (তিনশত) টাকা, ক্রমিক নং-১০ হতে ১২ এর জন্য ২০০.০০ (দুইশত) টাকা এবং ক্রমিক নং-১৩ এর জন্য ১০০.০০ (একশত) টাকা অনলাইনে আবেদন Submit এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে।
iii. "এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইন আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।
**iv. নিম্নবর্ণিত পদ্ধতিতে এসএমএস (SMS) করতে হবে:**
**প্রথম** SMS: BSBK<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BSBK ABCDEF
Reply: Applicant's Name, Tk. 600/500/300/200/100 will be charged as application fee. Your PIN is (8 Digit number) e.gxxxxxxxx To pay fee (পরীক্ষার ফি জমা): Type BSBK<space>Yes<space> PIN লিখে Send to 16222 নম্বরে।
**দ্বিতীয়** SMS: BSBK<Space>Yes<Space>PIN লিখে Send করুন 16222 নম্বরে। Example: BSBK YES 12345678
Reply: Congratulation Applicant's Name, payment complete successfully for BSBK. Application for (post name) User ID is (xxxxxxx) and Password (xxxxxxx)
(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http://bsbk.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনেপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:
i. user ID জানা থাকলে টাইপ করুন BSBK<Space>Help<Space>User<Space>User ID and Send to 16222
[Example: BSBK HELP USER ABCDEF & send to 162221
ii. PIN Number জানা থাকলে BSBK<Space>Help <Space>PIN<Space>PIN No. and send to 16222
[Example: BSBK HELP PIN **** & send to 16222]
(ঝ) Online এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
(ঞ) Online এ আবেদনে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd এবং directoradmin@bsbk.gov.bd এই-মেইলে যোগাযোগ করা যাবে
Mail এর Subject এ Organization Name: BSBK,
[ Post Name: ******* Applicant's User ID Contact Number] অবশ্যই উল্লেখ করতে হবে)।
১২. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০০৪ এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(ডি এম আতিকুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০২৫৩০৫
E-mail: directoradmin@bsbk.gov.bd

GD-277